2 দৈনিক বাংলা

তারিখ ...07 JAN 1991 ...
পৃষ্ঠা... 8 ...কলাম...6...

১৮

# মেডিক্যাল কলেজের নয়া পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবী

।। মেডিক্যাল রিপোর্টার ।।

নূতন পরীক্ষা পদ্ধতি ও কারিকুলাম বাতিলের দাবীতে মেডিক্যাল কলেজগুলিতে ছাত্ররা আন্দোলন শুরু করেছে। বিশেষত প্রথম ও দ্বিতীয় বর্ষের ছাত্ররা যারা এই নূতন কারিকুলামের আওতায় পড়েছে, তারা এখন ক্লাস বর্জন করে মিছিল, মিটিং এবং অধ্যক্ষের অফিস ঘেরাও, স্মারকলিপি প্রদান অব্যাহত রেখেছে। গতকাল ঢাকা মেডিক্যাল কলেজ সর্বদলীয় ছাত্রঐক্যের নেত্রীবৃন্দ ছাত্রদের কারিকুলাম বাতিলের আন্দোলনে একাত্মতা ঘোষণা করেন। নেতৃবৃন্দ এই কারিকুলামকে ছাত্রদের স্বার্থ বিরোধী হিসাবে আখ্যায়িত করেন এবং অবিলম্বে এই কারিকুলাম বাতিলের দাবী জানান।

উল্লেখ্য, নূতন কারিকুলাম চালু হলে বছরে মেডিক্যাল কলেজগুলোতে দুইবার পরীক্ষা অনুষ্ঠিত হবে। দুই বারে কোন ছাত্র অকৃতকার্য হলে সে অনিয়মিত হিসাবে এক বছর পিছিয়ে যাবে এবং কোন ছাত্র একই ক্লাসে ৪ বার অকৃতকার্য হলে তার রেজিস্ট্রেশন বাতিল হয়ে যাবে। কিন্তু পূর্বের কারিকুলাম অনুযায়ী বৎসরে ৩ বার পরীক্ষা অনুষ্ঠিত হতো এবং কোন ছাত্রের রেজিস্ট্রেশন বাতিল হওয়ার নিয়ম ছিল না।